

স্মারক নং

তারিখ :

“পরিপত্র”

বিষয় : e-GP-র মাধ্যমে আহ্বানকৃত দরপত্র/প্রস্তাব মূল্যায়নের লক্ষ্যে দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি পুনর্গঠন প্রসঙ্গে।

সূত্র : অত্র দপ্তরের স্মারক নং ৭৫২-প্রঃ প্রঃ তারিখ ০১/০১/২০১৪।

অত্র কার্যালয়ের সূত্রস্থ স্মারকের মাধ্যমে জারীকৃত e-GP Tender সমূহের দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) গঠন সংক্রান্ত আদেশ নিম্নরূপে সংশোধন করা হল :

ক) ই-জিপি এর মাধ্যমে রাজস্ব এবং উন্নয়ন খাতে আহ্বানকৃত যে সকল দরপত্র/প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদনের অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) তথা প্রধান প্রকৌশলী, সওজ, সে সকল ক্ষেত্রে দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি নিম্নরূপভাবে গঠন করতে হবে :

১।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ (সংশ্লিষ্ট জোনের)	চেয়ারপারসন
২।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ (সংশ্লিষ্ট-সার্কেলের)	সদস্য-সচিব
৩।	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ পানি উন্নয়ন বোর্ড	সদস্য

খ) ই-জিপি এর মাধ্যমে রাজস্ব এবং উন্নয়ন খাতে আহ্বানকৃত যে সকল দরপত্র/প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদনের অনুমোদনকারী কর্তৃপক্ষ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সে সকল ক্ষেত্রে দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি নিম্নরূপভাবে গঠন করতে হবে :


১।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ	চেয়ারপারসন
২।	নির্বাহী প্রকৌশলী, সওজ (সংশ্লিষ্ট সড়ক বিভাগের)	সদস্য-সচিব
৩।	উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, সওজ	সদস্য

গ) ই-জিপি এর মাধ্যমে রাজস্ব এবং উন্নয়ন খাতে আহ্বানকৃত যে সকল দরপত্র/প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদনের অনুমোদনকারী কর্তৃপক্ষ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সে সকল ক্ষেত্রে দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি নিম্নরূপভাবে গঠন করতে হবে :

১।	নির্বাহী প্রকৌশলী, সওজ (সংশ্লিষ্ট সড়ক বিভাগের)	চেয়ারপারসন
২।	উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ (সংশ্লিষ্ট সড়ক বিভাগের)	সদস্য-সচিব
৩।	উপ-বিভাগীয় প্রকৌশলী / সহকারী প্রকৌশলী, সওজ	সদস্য

এমতাবস্থায়, সওজ মাঠ পর্যায়ের জোন/সার্কেল/সড়ক বিভাগ কর্তৃক e-GP-র মাধ্যমে রাজস্ব এবং উন্নয়ন খাতে আহ্বানকৃত দরপত্র/প্রস্তাব মূল্যায়নের জন্য উপরোক্তভাবে দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠনের নির্দেশ প্রদান করা হল। e-GP Guidelines-এর অনুচ্ছেদ ৩.৬.১ অনুযায়ী কমিটিসমূহ পুনর্গঠন করা হল।

উল্লেখ্য যে, সওজ প্রধান কার্যালয়ের দপ্তর সমূহ (সড়ক গবেষণাগার ও ট্রেনিং সেন্টার সহ) কর্তৃক e-GP-র মাধ্যমে আহ্বানকৃত দরপত্র সমূহের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না।



(মোঃ ফিরোজ ইকবাল)

পরিচিতি নং-০০৫৩৫৯

প্রধান প্রকৌশলী (চঃ দাঃ)


সড়ক ও জনপথ অধিদপ্তর।

স্মারক নং 

তারিখ : 

অনুলিপি :

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা। তাঁকে “ক” তে উল্লেখিত কমিটি সমূহে সংশ্লিষ্ট জেলা সমূহের নির্বাহী প্রকৌশলীগণকে কমিটির কার্যক্রমে অংশগ্রহণের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হল।
- ২। চেয়ারম্যান, পানি উন্নয়ন বোর্ড, টয়েনবী রোড, মতিঝিল, ঢাকা। তাঁকে “ক” তে উল্লেখিত কমিটি সমূহে সংশ্লিষ্ট জেলা সমূহের নির্বাহী প্রকৌশলীগণকে কমিটির কার্যক্রমে অংশগ্রহণের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হল।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ/ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/টেকনিক্যাল সার্ভিসেস উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/সিলেট/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/রাজশাহী/রংপুর/গোপালগঞ্জ জোন/যান্ত্রিক জোন।
- ৫। সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ। তাঁর অধীনস্থ দপ্তর সমূহে উক্ত পরিপত্র বিতরণের জন্য বলা হল।



(মোঃ ফিরোজ ইকবাল)

পরিচিতি নং-০০৫৩৫৯

প্রধান প্রকৌশলী (চঃ দাঃ)

সড়ক ও জনপথ অধিদপ্তর।